

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
ইরেসপো কর্মসূচি  
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫


স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.১৪.৪০৪.১৩. ৪৫৫

তারিখ: ৩১ ডিসেম্বর ২০২৩

বিষয়: এআরডিও ও হিসাব সহকারীদের ডিসেম্বর/২৩ মাসের বেতন-ভাতা প্রদানের জন্য উপজেলার তালিকা প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচির (ইরেসপো) স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৬৬.১৪.৪০৪.১৩.২৯৩ তারিখ: ১০/০৮/২০২৩ মূলে এআরডিওদের প্রতি মাসে ৬টি (ছয়) সমিতি/দল with data-সহ wcs/mcs এ উল্লেখিত প্রত্যেক সদস্যের সঞ্চয় ও ঋণের অর্থ সঠিকভাবে যাচাই করা, এআরডিও ও হিসাব সহকারীদের প্রতি মাসে ন্যূনতম ২টি সমিতি/দলের সদস্যদের পাশবহি অডিট করা এবং হিসাব সহকারীদের পূর্ববর্তী মাসের ৪টি ব্যাংক হিসাবের মাসিক জমা-খরচ হিসাব ব্যাংক স্ট্যাটমেন্টসহ কর্মসূচির সদর দপ্তরে প্রমাণকসহ প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়। উক্ত নির্দেশনার আলোকে সংযুক্ত ছকে উল্লেখিত উপজেলাসমূহ সমিতি/দলের সদস্যদের পাশবহি অডিট, সঞ্চয় ও ঋণের অর্থ যাচাই প্রতিবেদন এবং জমা-খরচ হিসাব যথাসময়ে প্রেরণ করেছেন বিধায় উক্ত উপজেলাসমূহে কর্মরত এআরডিও ও হিসাব সহকারীদের মাসিক বেতন-ভাতা প্রদানের অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনা মোতাবেক।

  
মোহাম্মদ রাশেদুল আলম  
কর্মসূচি পরিচালক  
ফোন : ৪১০১০৩৪১

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,  
বিআরডিবি.....(প্রকল্প/কর্মসূচিভুক্ত সকল উপজেলা)।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা:.....(প্রকল্প/কর্মসূচিভুক্ত সকল জেলা)।
২. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৪. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি,..... (প্রকল্প/কর্মসূচিভুক্ত সকল উপজেলা)।
৫. পরিচালক (সরেজমিন/পরিকল্পনা) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৬. অফিস নথি।